দৈনিক জনকণ্ঠ
তারিখ ... JUN. ..6-2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

# খেলার পড়াশোনা

আধুনিক বিশ্বে একটি জাতিকে পরিচিত করে তোলার পেছনে খেলার গুরুত্ব অপরিসীম। বর্তমানে খেলার জনপ্রিয়তা, ব্যক্তিগত, সমষ্টিগত ও জাতিগতভাবে বিশ্বকে একই সূত্রে গেঁথে দিয়েছে। আর দক্ষ ক্রীড়াবিদ ...ত ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের কোন বিকল্প নেই। তেমনি প্রতিষ্ঠান "বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান" (বিকেএসপি) ...রিত জানা যাক এবারের প্রতিবেদনে।

...শ্রেণীর ডানপিঠে স্বভাবের ছেলে আসাদ। পড়ালেখায় তার ...য় মন নেই। তার মন যেন শুধু পড়ে থাকে খেলার মাঠে। ...র থেকে অনেক চেষ্টার পরও তাকে পড়ালেখায় মনোযোগী ...সম্ভব হচ্ছিল না। তখন আমাদের এলাকার বিশ্ববিদ্যালয় পড়ু...ক বড় ভাই আসাদের বাবাকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা ...ানের কথা জানায়। পরবর্তীতে আসাদকে ভর্তি করা হলো ...দেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে। এখানে আমাদের পড়াশোনা চলছে, পাশাপাশি সে চালিয়ে যাচ্ছে তার প্রিয় খেলাধুলা।

...ার কথা : দেশে অভিজ্ঞ ও সফল খেলোয়াড় তৈরি করার ... বাংলাদেশ সরকার কর্তৃক ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয় ...টিউট অব স্পোর্টস। এই প্রতিষ্ঠানটি ১৯৮৬ সাল থেকে ...দেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) নামে কার্যক্রম শুরু

...ি খেলায় ছাত্রছাত্রী ভর্তি করা হয় :
...ক্রিকেট (বালক)
...ফুটবল (বালক)
...হকি (বালক)
...বক্সিং (বালক)
...বাস্কেটবল (বালক)
...অ্যাথলেটিক্স (বালক ও বালিকা)
...সাঁতার (বালক ও বালিকা)
...জিমন্যাস্টিক্স (বালক ও বালিকা)
...টেনিস (বালক ও বালিকা)
...শুটিং (বালক ও বালিকা) (ছক দেখ)

...যোগ্যতা :
...র্তিচ্ছু ছাত্রছাত্রীদের স্ব স্ব শ্রেণীতে অধ্যয়নরত হতে হবে।
...খেলাধুলায় প্রতিভার ছাপ থাকতে হবে।
...র্থীর শারীরিক ও স্বাস্থ্যগত যোগ্যতা থাকতে হবে।

**ভর্তির জন্য নির্বাচন ও বিস্তৃত প্রতিষ্ঠান পদ্ধতি :**

১। বিকেএসপিতে বিভিন্ন খেলাধুলার দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের লক্ষ্যে নির্দিষ্ট দিনে প্রতিটি জেলা হতে উপযুক্ত ছাত্র-ছাত্রী নির্বাচন করা হয়। তবে এক জেলার প্রার্থী অন্য জেলায় ভর্তির জন্য কোন বিধিনিষেধ নেই।
২। প্রাথমিক নির্বাচনের পর দিনাজপুর ও ঢাকা বিকেএসপিতে দীর্ঘমেয়াদী আবাসিক প্রশিক্ষণের জন্য ভর্তি করা হবে।
৩। বিস্তৃত প্রশিক্ষণ কার্যক্রমের জন্য বয়সভিত্তিক খেলাধুলায় আলাদা আলাদাভাবে আয়োজন করা হবে।
৪। একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি খেলাতেই ভর্তির আবেদন করতে পারবে।
৫। এ্যাথলেটিক্স বিভাগে ভর্তির ক্ষেত্রে বালিকাদের অগ্রাধিকার দেয়া হয়।

**সুবিধাদি :**

১। ঢাকা শিক্ষা বোর্ড ও ক্যাডেট কলেজের অনুরূপ সাধারণ শিক্ষা। সম্পূর্ণ আবাসিক পরিবেশে শৃঙ্খলাবদ্ধ জীবন যাপন। উন্নত খাওয়া-দাওয়া, ধর্মীয় ও নৈতিক শিক্ষার সুব্যবস্থা।
২। সেনাবাহিনীর শিক্ষা কোরের লে. কর্নেল অধ্যক্ষ কর্তৃক শ্রেণী কার্যক্রম পরিচালিত হয়। ছাত্রাবাসে প্রতিদিন প্রশিক্ষণার্থী ছাত্র-ছাত্রীদের সান্ধ্যকালীন পড়ালেখার তদারকির জন্য শিক্ষক রয়েছে।
৩। আন্তর্জাতিক মানের খেলাধুলায় প্রশিক্ষণ ও বিদেশে প্রশিক্ষণ/সফরের সুযোগও দেশী-বিদেশী প্রশিক্ষকের নিবিড় তত্ত্বাবধানে বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণের সুব্যবস্থা রয়েছে।
৪। ক্যাডেট কলেজের অনুরূপ ছাত্র-ছাত্রীদের ফিস নির্ধারণ করা হয়। প্রতিভাবান, কৃতী ও গরিব খেলোয়াড় ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ সুযোগ সুবিধা ব্যবস্থা রয়েছে।

**ছক**

| শ্রেণী | খেলার নাম | বর্তমান বয়স ও উচ্চতা |
|---|---|---|
| ৭ম | ফুটবল, ক্রিকেট, হকি, এ্যাথলেটিক্স | ১৩ বছর (কমপক্ষে ৫-৫″) |
| ৭ম | বাস্কেটবল | ১৩ বছর (কমপক্ষে ৫-১০″) |
| ষষ্ঠ | সাঁতার, জিমন্যাস্টিক্স টেনিস | ১২ বছর (কমপক্ষে ৫-০″ *জিমন্যাস্টিক্সের জন্য উচ্চতা শিথিলযোগ্য) |
| ৫ম | সাঁতার, জিমন্যাস্টিক্স, বক্সিং | ১১ বছর (কমপক্ষে ৪-১০″) |
| ৪র্থ | সাঁতার, জিমন্যাস্টিক্স ও বক্সিং | ১০ বছর (কমপক্ষে ৪-৮″)(জিমন্যাস্টিক্সের জন্য উচ্চতা শিথিলযোগ্য)। |




## এক নজরে বিকেএসপি

**প্রতিষ্ঠা–১৪ এপ্রিল ১৯৮৬**

অবস্থান–সাভারের জিরানী
বর্তমান মহাপরিচালক–এম নজীব হাসান, এনডিসি, পিএসসিজি
বর্তমান অধ্যক্ষ–লে. কর্নেল রুহুল আমিন (এইসি)
আয়তন–১০৪ একর
আঞ্চলিক কেন্দ্র–১টি (দিনাজপুর)
মাঠ–ক্রিকেট মাঠ ২টি, ফুটবল মাঠ ৩টি, হকি মাঠ ২টি, সুইমিং ও ডাইভিং হল ১টি, এ্যাথলেটিক ট্র্যাক ১টি, টেনিস কোর্ট-৫টি

অর্জন করার সবচেয়ে সহজ পথ হচ্ছে ক্রীড়াঙ্গনে সফলতা অর্জন। শুধু জনপ্রিয়তাই নয়, একজন ব্যক্তি ক্রীড়াঙ্গনে সফলতার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে দেশের মর্যাদাও বাড়ায় এবং ব্যক্তিখ্যাতির পাশাপাশি সম্মানজনক আয়ও করতে পারে। আমাদের দেশে তথা সারা বিশ্বে একজন খেলোয়াড়ের রয়েছে অনেক সুযোগ-সুবিধা। আপনি যদি বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি বা এইচএসসি পাস করে থাকেন তাহলে আপনার জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে খেলোয়াড় কোটায় ভর্তি হওয়ার সুযোগ রয়েছে। শুধু তাই নয়, সামরিক বাহিনী এবং অন্যান্য চাকরিতেও খেলোয়াড়দের জন্য বিশেষ কোটা থাকে– যেখানে আপনি খুব সহজেই যোগ দিতে পারবেন। একজন খেলোয়াড়ই পারে বিশ্বের বিভিন্ন দেশে গিয়ে জাতীয় পতাকা নিয়ে মাঠে দৌড়িয়ে দেশকে সারা বিশ্বের কাছে পরিচিত করে তুলতে।

বিস্তারিত জানতে যোগাযোগ–বিকেএসপি, সাভার, ঢাকা। ফোন : ৭৭০১২১৫-৬, ফ্যাক্স : ৭৭০১৫১৩ ই-মেইল- *hksp@aitlbd.net*

*রাহুল শর্মা*